নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা-৬৬০০, বাংলাদেশ
টেলিফোন: +৮৮ ০৭৩১ ৬৪৯৮২

www.pust.ac.bd

Department of Urban and Regional Planning
Pabna University of Science and Technology
Pabna-6600, Bangladesh
phone: +88 0731 64982

স্মারক নং- পাবিপ্রবি/ইউ.আর.পি/১৪৩

তারিখ: ১৮/১১/২০২৩ খ্রি.

বরাবর
মাননীয় অধ্যক্ষ
সরকারী শহীদ বুলবুল কলেজ
পাবনা।

বিষয়ঃ বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের উচ্চমাধ্যমিক/সমমানের স্তরের শিক্ষার্থীদের অংশগ্রহণের আমন্ত্রণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের পক্ষ থেকে সালাম ও শুভেচ্ছা জানাই। আপনি অবগত আছেন যে, আপনার স্বনামধন্য প্রতিষ্ঠানের অনেক শিক্ষার্থী অত্র বিভাগের এবং বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের শিক্ষার্থী। তারা দেশে-বিদেশে উন্নত, বাসযোগ্য ও ন্যায্য নগরায়নে নানাভাবে ভূমিকা রেখে চলছেন।

আপনি জেনে খুশি হবেন যে, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) ও অত্র বিভাগের যৌথ উদ্যোগে বিশ্ব নগর পরিকল্পনা দিবস (৮ নভেম্বর) উপলক্ষ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে নগর পরিকল্পনা ও টেকসই উন্নয়ন বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। অনলাইন কুইজ প্রতিযোগিতাটি দুইটি পর্বে (আঞ্চলিক এবং জাতীয়) পরিচালিত হবে। অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের উচ্চমাধ্যমিক স্তরের/সমমানের শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য বিশেষভাবে আমন্ত্রণ জানাচ্ছি। প্রতিযোগিতায় অংশগ্রহণের বিস্তারিত নির্দেশনা অত্র চিঠির সাথে সংযুক্ত করা হলো। কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৪ নভেম্বর ২০২৩।

এমতাবস্থায়, অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী আপনার বিদ্যাপীঠের শিক্ষার্থীদের মাঝে এই নোটিশটি ব্যাপক প্রচার এবং তাদের প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসাহিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদ ও শুভেচ্ছান্তে,

Hasan 18.11.23
(মোঃ কামরুল হাসান)
চেয়ারম্যান
নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

bip

# বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স
# BANGLADESH INSTITUTE OF PLANNERS

since1974

১৪ নভেম্বর ২০২৩

**মাননীয় অধ্যক্ষ**
......সরকারী শহীদ বুলবুল কলেজ
......পাবনা..............

**বিষয়ঃ বিশ্ব নগর পরিকল্পনা দিবস ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের উচ্চমাধ্যমিক/সমমানের শিক্ষার্থীদের অংশগ্রহণের আমন্ত্রণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর পক্ষ থেকে সালাম ও শুভেচ্ছা জানাই।

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) দেশের নগর, অঞ্চল ও গ্রামীণ পরিকল্পনাবিদদের জাতীয় পেশাজীবী প্রতিষ্ঠান। পেশাজীবী প্রতিষ্ঠান হিসেবে পরিকল্পনা শিক্ষার বিস্তৃতি, সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা কর্ম পরিচালনা ও পেশাগত উৎকর্ষতা বৃদ্ধিসহ বাংলাদেশের পরিকল্পিত নগরায়ন ও টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)। বর্তমানে দেশের সাত (০৭) টি পাবলিক বিশ্ববিদ্যালয় (বুয়েট, খুলনা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চুয়েট, কুয়েট, রুয়েট এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) থেকে নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হচ্ছে। পরিকল্পনা শিক্ষার উন্নয়ন ও বিস্তৃতিতে বিআইপি এ সকল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিভাগ এবং দেশের নগর পরিকল্পনা সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান ও সরকারি দপ্তরের সাথে ঘনিষ্টভাবে কাজ করে যাচ্ছে।

এ প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পৃথিবীকে পরিকল্পিত ও মানুষের বাসযোগ্য হিসেব গড়ে তোলার প্রত্যয়ে এবং নগর পরিকল্পনার চিন্তা-চেতনা ও গুরুত্বকে সারা বিশ্বে পরিচিতকরণের উদ্দেশ্য বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের নগর পরিকল্পনাবিদদের পেশাজীবী প্রতিষ্ঠানগুলির উদ্যোগে প্রতিবছর ৮ নভেম্বর **বিশ্ব নগর পরিকল্পনা দিবস** উদযাপন করা হয়। আর্জেন্টিনার বুয়েন্স আয়ারার্স বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কার্লোস মারিয়া ডেল পাওলেরা'র উদ্যোগে ১৯৪৯ সালে সর্বপ্রথম বিশ্ব নগর পরিকল্পনা দিবস উদযাপিত হয়। বাংলাদেশে বিগত ২০০১ সাল থেকে বিআইপি'র উদ্যোগে প্রতিবছর বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে সাড়ম্বরে বিশ্ব নগর পরিকল্পনা দিবস উদযাপিত হয়ে আসছে।

এরই ধারাবাহিকতায় বিগত ৮ নভেম্বর ২০২৩ তারিখে একটি ওয়েবিনার আয়োজনের মাধ্যমে ইতোমধ্যে বিআইপি'র পক্ষ থেকে বিশ্ব নগর পরিকল্পনা দিবস এর বিভিন্ন কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করা হয়েছে। এবারের বিভিন্ন কর্মসূচীর মধ্যে অন্যতম হলো দেশের **৫ টি অঞ্চলের (ঢাকা, খুলনা, চট্টগ্রাম, রাজশাহী এবং পাবনা) উচ্চমাধ্যমিক/সমমানের শিক্ষার্থীদের** অংশগ্রহণে নগর পরিকল্পনা ও টেকসই উন্নয়ন বিষয়ক **অনলাইন কুইজ প্রতিযোগিতা**। অনলাইন কুইজ প্রতিযোগিতাটি **দুইটি পর্বে (আঞ্চলিক এবং জাতীয়)** পরিচালিত হবে। প্রতিযোগিতার আঞ্চলিক পর্ব আপনার নিকটবর্তী বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা বিভাগ দ্বারা পরিচালিত হবে এবং জাতীয় পর্ব পরিচালনা করবে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)।

এ প্রেক্ষিতে, উক্ত অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের উচ্চমাধ্যমিক স্তরের/সমমানের শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য বিশেষভাবে আমন্ত্রণ জানাচ্ছি। প্রতিযোগিতায় অংশগ্রহণের **বিস্তারিত নির্দেশনা** অত্র চিঠির সাথে **সংযুক্ত** করা হলো। **কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহনের জন্য রেজিস্ট্রেশনের শেষ তারিখ ২৪ নভেম্বর ২০২৩।**

এমতাবস্থায়, উক্ত অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের আগ্রহী আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে এই নোটিশটি প্রচার এবং তাদের প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসাহিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। নিম্নোক্ত গুগল ফর্মের মাধ্যমে প্রতিযোগিগণ তাদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেনঃ
https://forms.gle/NkyuCkts8iszwqZq5

ধন্যবাদ ও শুভেচ্ছান্তে

**পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান**
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

**সংযুক্তিঃ**
১। বিশ্ব নগর পরিকল্পনা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের বিস্তারিত নির্দেশনা।

AFFILIATION
Commonwealth Association of Planners (CAP)
International Society of City and Regional Planners (ISOCARP)

ADDRESS
Planners' Tower (Level-7)
13/A, Bir Uttam C R Datta (Sonargaon) Road
Bangla Motor, Dhaka-1000
Bangladesh

GPO Box : 3793
Phone : 880 2 9667653
880 2 9665223
Fax : 880 2 9665223
E-mail : bipinfo@bip.org.bd
Web : www.bip.org.bd

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স
BANGLADESH INSTITUTE OF PLANNERS

since 1974

# World Town Planning Day 2023

Learn Globally, Apply Locally
08 November 2023

## 'Quiz Competition' for HSC/Equivalent Level Students

**Participants:**

- HSC/equivalent level current students
- Students waiting for the HSC result to be published

**Mode:**

- Entirely Online

**Topic:**

- General Knowledge; Urban issues: Regional and Rural Planning issues; Transportation Planning issues; Environmental Planning issue; Sustainable Development issues

**Process:**

- Quiz Competition will be organized in two rounds: **Regional Round and National Round.**
- Regional Rounds will be administered, with support from BIP, by Urban and Regional/Rural Planning Departments at Bangladesh University of Engineering and Technology (BUET), Khulna University (KU), Jahangirnagar University (JU), Khulna University of Engineering and Technology (KUET), Chattogram University of Engineering and Technology (CUET), Rajshahi University of Engineering and Technology (RUET) and Pabna University of Science and Technology (PUST).
- National Round, to be participated by toppers of the Regional Rounds, will be administered by BIP Secretariat.

**Important Dates:**

- 24 November, 2023, Friday: Last day for online registration by participants
- 26 November, 2023, Sunday: Online Grooming session of participants. Details will be sent to registered participants via email.
- 30 November, 2023, Thursday: **Regional Rounds** of Quiz Competition
- 7 December, 2023, Thursday: **National Round** for regional toppers

**Link for the participants to register in the competition:**
https://forms.gle/NkyuCkts8iszwqZq5

**For further query please contact at**
**bipinfo@bip.org.bd, musleh_uddin@urp.buet.ac.bd**

AFFILIATION
Commonwealth Association of Planners (CAP)
International Society of City and Regional Planners (ISOCARP)

ADDRESS
Planners' Tower (Level-7)
13/A, Bir Uttam C R Datta (Sonargaon) Road
Bangla Motor, Dhaka-1000
Bangladesh

GPO Box : 3793
Phone : 880 2 9667653
880 2 9665223
Fax : 880 2 9665223
E-mail : bipinfo@bip.org.bd
Web : www.bip.org.bd